গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.rajshahi.gov.bd

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

নং-০৫.৪৩.৮১০০.০০৫.০৫.০০১.২৪-০৩

তারিখ: ০৭ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২০ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

## গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ষষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন (৩য় পর্যায়) উপলক্ষ্যে রাজশাহী জেলার পবা ও মোহনপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও মহিলা-ভাইস চেয়ারম্যান পদে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশন কর্তৃক গত ১৮ এপ্রিল ২০২৪ খ্রি. তারিখে সময়সূচির প্রজ্ঞাপন জারি করা হয়েছে। ঘোষিত প্রজ্ঞাপন অনুযায়ী আগামী ০২ মে ২০২৪ খ্রি. তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে মনোনয়নপত্র অনলাইনে দাখিল করতে হবে। অনলাইন ব্যতীত কোনভাবেই মনোনয়নপত্র দাখিল করা যাবে না। এজন্য কারিগরি ও পদ্ধতিগত সুবিধার্থে মনোনয়নপত্র দাখিলের শেষ দিনের অপেক্ষা না করে পূর্বেই অনলাইনে মনোনয়নপত্র দাখিলের জন্য সম্ভাব্য প্রার্থীদের অনুরোধ জানানো যাচ্ছে।

২। উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৫ এর উপ-বিধি (৫) অনুসারে নির্বাচনে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে (www.ecs.gov.bd) মনোনয়নপত্র দাখিল করতে হবে। অনলাইনে মনোনয়নপত্র পূরণ ও দাখিলের জন্য কোন প্রার্থী বাংলাদেশ নির্বাচন কমিশনের ওয়েবসাইটের সংশ্লিষ্ট লিংকে (পোর্টাল) (https://onss.ecs.gov.bd) প্রবেশ করে রেজিস্ট্রেশন করতে পারবেন। রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর পোর্টালে লগইন করে মনোনয়নপত্র পূরণ ও দাখিল করতে পারবেন। এক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে, যথা:-

(ক) অনলাইনে মনোনয়নপত্র পূরণ বা দাখিল করবার উদ্দেশ্যে কোন প্রার্থী বাংলাদেশ নির্বাচন কমিশনের পোর্টালের সংশ্লিষ্ট লিংকে প্রবেশ করে তার জাতীয় পরিচয়পত্র নম্বর, নির্বাচনে ধরণ, নির্বাচনের নাম, পদের নাম, বিভাগ, জেলা, উপজেলা, জন্ম তারিখ, মোবাইল নম্বর ও ই-মেইল আইডি এন্ট্রি করে রেজিস্ট্রেশন করতে পারবেন; রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর মোবাইল নম্বর বা ইমেইল এ ইউজার নেইম ও পাসওয়ার্ড পাওয়া যাবে;

(খ) জাতীয় পরিচয়পত্রের বায়োমেট্রিক ফিচারে সংরক্ষিত মুখাবয়ব তথ্যের সাথে প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীর চেহারা শনাক্তকরণ (ficial recognition) করতে হবে;

(গ) দফা (ক) অনুসারে প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করার পর প্রার্থী চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক, ভাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-১, মহিলা-ভাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-২ পাবেন;

(ঘ) কোন প্রার্থী পোর্টালে প্রবেশ করে পর্যায়ক্রমে মনোনয়ন, ব্যক্তিগত তথ্যাদি ও হলফনামা সংক্রান্ত তথ্যাদি এন্ট্রি করবেন এবং উপ-বিধি (৩) এর অধীন প্রয়োজনীয় কাগজপত্র (হলফনামা, আয়কর প্রদান সংক্রান্ত কাগজপত্র, প্রযোজ্য ক্ষেত্রে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক মনোনয়ন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র ইত্যাদি) স্ক্যান করে পোর্টেবল ডকুমেন্ট ফরমেট (PDF) আকারে সংযুক্ত করবেন;

(ঙ) প্রার্থী চালানের মাধ্যমে অথবা পোর্টালে রক্ষিত অনলাইন পেমেন্ট মেথড ব্যবহার করে জামানত বাবদ নির্ধারিত অর্থ প্রদান করার পর মনোনয়নপত্রটি দাখিল করবেন।

(চ) কোন ব্যক্তি একই নির্বাচনি এলাকার জন্য একাধিক পদে মনোনয়নপত্র দাখিল করতে পারবেন না।

৩। (ক) প্রতিটি মনোনয়নপত্রের সাথে চেয়ারম্যান নির্বাচনের ক্ষেত্রে ১০০০০০/- (এক লক্ষ) টাকা এবং ভাইস চেয়ারম্যান নির্বাচনের ক্ষেত্রে ৭৫০০০/- (পঁচাত্তর হাজার) টাকা জমাদানের প্রমাণস্বরূপ ট্রেজারি চালান বা পে-অর্ডার বা ব্যাংকড্রাফট জমা দিতে হবে;

(খ) কোন প্রার্থী কর্তৃক টাকা ৬/০৬০১/০০০১/৮৪৭৩ অথবা সর্বশেষ সংশোধিত ১০৯০৩০২১০১৪৪৩-৮১১৩৫০১ নম্বর অথবা সর্বশেষ সংশোধিত কোডে জমা দিতে হবে। এছাড়া A-Challan, Sonali Seba অথবা SSL Commerz- এর মাধ্যমে প্রদান করা যাবে।

ম্যানুয়াল চালান-পূর্ব থেকে জামানত বাবদ চালান করে থাকলে তা আপলোড করা যাবে। A-Challan, Sonali Seba অথবা SSL Commerz- ব্যবহার করে নির্দেশনানুযায়ী সহজেই জামানত প্রদান করা যাবে।

৪। ভোটার তালিকার সিডি ক্রয় বাবদ পৌরসভার প্রতি সাধারণ ওয়ার্ডের জন্য ৫০০/- টাকা হারে এবং প্রতি ইউনিয়নের জন্য ৫০০/- হারে কোড নম্বর ১-০৬০১-০০০১-২৬৩১ (পুরাতন কোড) অথবা ১০৬-০১০১-১০০১২৫-১৪২৩২৫৩ (নতুন কোড) এ ট্রেজারী চালান অথবা পে-অর্ডার এর মাধ্যমে জমা করে জমাদানের মূলকপি রিটার্নিং অফিসারের কার্যালয়/সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে জমা দিয়ে ভোটার তালিকার সিডি সংগ্রহ করতে হবে (অফেরতযোগ্য)।

২০/০৪/২০২৪

সরকার অসীম কুমার
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী
ও
রিটার্নিং অফিসার
ষষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন
ফোন নং-০২৫৮৮৮-৫৫৯৯০ (অফিস)
ইমেইল: adcrrajshahi@mopa.gov.bd

নং-০৫.৪৩.৮১০০.০০৫.০৫.০০১.২৪-০৩(২৭)

তারিখ: ০৭ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২০ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩. উপ-মহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৪. পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী
৫. জেলা প্রশাসক, রাজশাহী
৬. পুলিশ সুপার, রাজশাহী
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৮. উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী
৯. উপপরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী **(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)**
১০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রাজশাহী
১১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজশাহী
১২. উপজেলা নির্বাহী অফিসার, পবা/মোহনপুর, রাজশাহী ও সহকারী রিটার্নিং অফিসার
১৩. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজশাহী **(বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
১৪. উপজেলা নির্বাচন অফিসার, পবা/মোহনপুর, রাজশাহী
১৫. অফিসার ইনচার্জ, ................................................. থানা, রাজশাহী

২০/০৪/২০২৪

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী
ও
রিটার্নিং অফিসার
ষষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন